গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ৩২ তম সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ৩১ মে ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু জরেন । সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব সহকারী পরিচালক জনাব সালেহ্ উদ্দিন আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাকে অবহিত করা হয় যে, বিগত সভায় ৭টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় মেন্টর ও মেন্টিগণের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে ক) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃবিঃওঋণ) জানান যে, তার মেন্টিগণের তরফ হতে উপকরণ-১৩ শুধুমাত্র কুলিয়ারচর হতে পাওয়া গেছে অব্যাহত যোগাযোগ করা সত্যেও পাকুন্দিয়া ও ভাঙ্গা থেকে পাওয়া যায়নি। খ) জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম, উপরিচালক(পরিকল্পনা) জানান যে, যোগাযোগ করা সত্যেও মুন্সিগঞ্জ সদর হতে উপকরণ-১৩ পাওয়া যায়নি । গ) জনাব মোঃ আতাউর রহমান, সহকারী পরিচালক (শৃংখলা) জানান যে, ৪টি উপজেলা থেকে উপকরণ-১৩ পাওয়া গেছে এবং কাজ চলছে।

২। সভাপতি বলেন যে, মেন্টরগণ ও স্ব স্ব মেন্টিগণের সাথে কার্যকর যোগাযোগের মাধ্যমেই কেবল কাঙ্খিত ফল পাওয়া সম্ভব। কাজেই প্রচেষ্টা অব্যাহত রেখে দ্রুত ফল আনতে হবে। যে সকল মেন্টির নিকট হতে তথ্য পাওয়া গেছে সেগুলো পরিকল্পনা মাফিক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। যারা এখনও উপকরণ-১৩ পাঠায়নি তাদের সাথে কার্যকর যোগাযোগ করতে অনুরোধ জানানো হয় এবং মেন্টরগণকে অধিকতর সক্রিয় হয়ে কাজ করার পরামর্শ দেয়া হয়।

৩। ইতোপূর্বে বাছাইকৃত ৪টি সেবার কোনটিই নাগরিক কেন্দ্রিক নয় বিধায়, সেসকল ৪টি বিষয়ের প্রশিক্ষণ আয়োজন না করার বিষয় a2i কে অবহিত করা হয়েছে। কাজেই সেবা সহজীকরণের জন্য নতুনভাবে ৪টি সেবা বাছাই করে (প্রতিজন সদস্য কর্তৃক) আগামী সভায় লিখিতভাবে প্রস্তাব করতে অনুরোধ জানানো হয়।

৪। জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স), সভাকে জানান যে, চলতি মাসে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ Upload করা হয়েছে । সেবা গ্রহীতার অসুবিধার কোন Post পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধান করা হচ্ছে । এ প্রক্রিয়ায় রাজশাহী জেলার outsourcing প্রশিক্ষণে expart প্রশিক্ষক নেই মর্মে status এর প্রেক্ষিতে তাৎক্ষণিক উপপরিচালক মহোদয়কে জানানোর পরের দিনই নতুন প্রশিক্ষক নিয়োগ করা হয়। নালিতাবাড়ী, শেরপুরে একজন যুবক দীর্ঘদিন যুবঋণের জন্য আবেদন করেছেন কিন্তু কোন সিএস প্রকল্প পরিদর্শনে যায়নি এমন status এর প্রেক্ষিতে তাৎক্ষণিকভাবে উপপরিচালক মহোদয়কে জানানোর দুইদিনের মধ্যে সিএস এবং ওয়াইডিও প্রকল্প পরিদর্শনে যান এবং ঋণ প্রদানের ব্যবস্থা করেছেন। উভয় অভিযোগের প্রেক্ষিতে তড়িৎ ব্যবস্থা নেয়ায় অভিযোগকারীগণ ধন্যবাদ জানান। ক) বর্তমানে Facebook এর লাইক সংখ্যা- ১২০০০ জন খ) Facebook Page এর টেলিফোন মাধ্যমে যোগাযোগ করেছেন- ৩০ জন। সভাপতি দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড অধিক হারে Facebook Page এ প্রচারের উদ্যোগী হতে টিমের সদস্যদের বিশেষভাবে অনুরোধ জানান।

৫। সহকারী পরিচালক জনাব সালেহ্ উদ্দিন আহমেদ জানান যে, ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে একটি খসড়া নীতিমালা প্রনয়ণের তাগিদ দীর্ঘদিন অতিবাহিত হলেও ফলপ্রসু না হওয়ায় বিগত সভার অসন্তুষ্টি প্রকাশের প্রেক্ষিতে একটি খসড়া নীতি-২০১৮ প্রস্তুত এর কাজ একেবারেই শেষ পর্যায়ে রয়েছে। খুব শীগ্রই নীতিমালাটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৬। SIF Fund ব্যবহার বিষয়ে সভাপতি জানান যে, এ লক্ষ্যে প্রদত্ত কার্যাদেশের ভিত্তিতে প্রস্তুতকৃত ডেমো ভেন্ডর দেখিয়েছেন তবে চূড়ান্ত সফটওয়ারটি সরবরাহ করতে আরও সময়ের প্রয়োজন হবে বলে তারা জানিয়েছে।

৭। ই-সার্ভিস রোড ম্যাপ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় জনাব মোঃ হামিদুর রহমান, উপ-পরিচালক সভাকে জানান যে, অধিদপ্তরের ১ম ই-সার্ভিস "ঋণ সেবাকে ই-সেবায়" রূপান্তরের লক্ষ্যে প্রণীত ঋণের ই-সার্ভিস সফটওয়্যারের মাধ্যমে ক) মানিকগঞ্জে

২টি ঋণ অনুমোদন সভা হয়েছে। খ) কুষ্টিয়ার কুমারখালীতে ১টি ঋণ অনুমোদন সভা হয়েছে। সফটওয়্যারটি পরিচালনায় উক্ত জনবলকে রিফ্রেশার্স কোর্স প্রদান করা হয়েছে। পাইলটিং অভিজ্ঞতায় সফটওয়্যারটির কিছু কিছু টুলস্ আপডেট করা হয়েছে বর্তমান অবস্থায় সফটওয়্যারটি অন্য উপজেলায় রেপ্লিকেশন করা যাবে। এ প্রক্রিয়ায় ঋণ গ্রহীতাকে চেক গ্রহণের জন্য শুধুমাত্র ০১ দিন উপজেলা অফিসে আসতে হবে । ঋণ গ্রহনের অন্য সব প্রক্রিয়া অনলাইন এ করা হচ্ছে। আলোচ্য সেবা প্রদানে প্রাথমিক পরিকল্পনা মাফিক যে সুবিধা সম্বলিত সফটওয়্যারটি তৈরীর কথা ছিল বর্তমানে তাঁর চেয়ে ও অধিক নাগরিক বান্ধব করা সম্ভব হয়েছে । এর ফলে ঋণ সেবা গ্রহিতাগণ ঘরে বসে তার ঋণ বিষয়ক যে কোন ধরনের আর্থিক রিপোর্ট দেখতে এবং প্রিন্ট করতে পারবে।

৮। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস "যুবসংগঠনসমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার" অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে বিগত সভায় অনুরোধ জানানো হলে ও তিনি অদ্যকার সভায়ও অনুপস্থিত রয়েছেন এবং তার পক্ষে সভাকে এ বিষয়ে কোন তথ্য জানানো হয়নি।

৯। বিগত সভায় ইনোভেশন টিমের সদস্যগণকে আগামী বছরের কর্মপরিকল্পনা বিষয়ে তাদের মতামত প্রদানের অনুরোধ (নির্ধারিত ছকে) জানানো হলেও অদ্যকার সভায় সকল সদস্য নির্বিকার থাকায় বিস্ময় প্রকাশ করা হয়। সভাপতি সদস্যগণকে শুধুমাত্র বাধ্যবাধকতার খাতিরে সভায় উপস্থিত না হয়ে ইনোভেশন সংস্কৃতিকে এগিয়ে নেয়ার ইচ্ছায় সভায় যোগদানসহ এ বিষয়ে অবদান রাখতে অনুরোধ জানান।

১০। সভাপতি অধিদপ্তর হতে প্রকাশিত ত্রৈমাসিক পত্রিকা "যুববার্তায়" ইনোভেশন বিষয়ক কার্যক্রমের তথ্য ও অগ্রগতি প্রকাশ বিষয় বিশেষ গুরুত্বারোপ করেন।

১১। ইনোভেশন সভায় উল্লেখযোগ্য সংখ্যক সদস্য অনুপস্থিত থাকায় হতাশ প্রকাশ করা হয় এবং ভবিষ্যৎতে অনুপস্থিতির বিবরণী আলাদাভাবে প্রকাশের সিদ্ধান্ত নেয়া হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয় ।

<u>সুপারিশঃ</u>

০১। যে সকল মেন্টরগণ কর্তৃক মেন্টিদের কাজের কর্মপরিকল্পনা উপকরণ-১৩ এখনও সংগৃহীত নয় তাদেরকে আগামী ১৫ দিনের মধ্যে কার্যকর যোগাযোগের মাধ্যমে তা সংগ্রহ পূর্বক পরবর্তী ব্যবস্থা নিশ্চিত করা;

০২। যে সকল মেন্টর তাদের মেন্টিদের কাছ থেকে পরিকল্পনা পেয়েছেন তা তারা যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করবে এবং আগামী সভায় মেন্টিভিত্তিক অগ্রগতি পেশ করবেন।

০৩। প্রাপ্ত এস আই এফ ফান্ডের মাধ্যমে সংগ্রহযোগ্য সফটওয়্যার দ্রুত সংগ্রহ নিশ্চিত ব্যবস্থা করা ;

০৪। সোসাল মিডিয়ায় প্রচার এবং ভূক্তভোগীদের সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;

০৫। ঋণের ই-সার্ভিস সফটওয়্যারটির পাইলটিং এর অগ্রগতি প্রতিমাসের সভায় পর্যালোচনা করা ;

০৬। প্রত্যেক সদস্য কর্তৃক নির্ধারিত ছকে টিমের বার্ষিক খসড়া পরিকল্পনা এবং সহজীকরণের লক্ষ্যে ৪টি সেবার নাম পেশ ;

০৭। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস প্রণয়ন বিষয়ে গৃহীত কর্মকান্ড আগামী সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের ব্যবস্থা নেয়া ;

০৮। যুববার্তায় ইনোভেশন তথ্য এবং অগ্রগতি বিষয়ক খবর প্রকাশের ব্যবস্থা নেয়া ;

০৯। টিমের সদস্যগণ ইনোভেশন সংস্কৃতিকে এগিয়ে নিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন ;

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
এবং
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৫৭

তারিখঃ ১০/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

০৭/০৬/২০১৮
(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

৩১/০৫/২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৩	জনাব মোঃ আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৫	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক(ইলেকট্রনিক্স)	স্বাক্ষরিত